চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

এবং

ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

সূচিপত্র

উপক্রমণিকা (Preamble) ৩

ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড - এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৪

সেকশন ১: কোম্পানির রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি ৫

সেকশন ২: ইএলবিএল এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল (Outcome)..৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms).. ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ এবং পরিমাপ পদ্ধতি ১২

উপক্রমণিকা

সরকারী দপ্তর / সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন লুব্রিকেন্টস্ ব্লেন্ডার্স লিমিটেড

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন-এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ৩০ তারিখে এ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এ চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Eastern Lubricants Blenders Limited)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যত পরিকল্পনা
সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড কর্তৃক বিগত ০৩ (তিন) অর্থ বছরে (২০১৭-২০১৮ হতে ২০১৯-২০২০ পর্যন্ত) তিনটি তেল বিপণন কোম্পানীর মোট ৪,৮০০ মে.টন (প্রায়) লুব্রিকেন্টস ব্লেন্ডিং করা হয়েছে। স্থানীয়ভাবে ব্লেন্ডিংকৃত বিভিন্ন গ্রেডের এ সকল লুব্রিকেন্টস তিনটি তেল বিপণন কোম্পানীর মাধ্যমে জাতীয় গুরুত্বপূর্ণ বিভিন্ন সংস্থা, যেমন- বাংলাদেশ প্রতিরক্ষাবাহিনীর সকল ইউনিট, বাংলাদেশ রেলওয়ে, চিনিকলসমূহ, জুটমিল, সারকারখানা, বিভিন্ন শিল্পকারখানায় তাদের চাহিদানুযায়ী সরবরাহ করা হয়েছে। পাশাপাশি বর্ণিত ব্লেন্ডিংকৃত লুব্রিকেন্টস তিনটি তেল বিপণন কোম্পানীর ডিলার, এজেন্ট ও সরাসরি ভোক্তাপর্যায়ে সরবরাহ করা হয়। বোরো মৌসুমে উত্তরাঞ্চলসহ সারাদেশে বিশেষ করে বিগত জানুয়ারী-মার্চ, ২০২০ এ সময়ে নিরবিচ্ছিন্নভাবে লুব্রিকেন্টস সরবরাহ নিশ্চিত করা হয়েছে। জাপানের বিখ্যাত ব্যাটারী নির্মাতা কোম্পানী, জিএস ইউয়াসা হতে আমদানিকৃত বিভিন্ন মডেলের কার, মাইক্রোবাস ও হেভী যানবাহনের জন্য উন্নত মানের গাড়ীর ব্যাটারী ইএলবিএল কর্তৃক সারাদেশে বর্তমানে বাজারজাত করা হচ্ছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :

চাহিদা মোতাবেক মান সম্পন্ন লুব্রিকেন্টস ভোক্তাপর্যায়ে সরবরাহ নিশ্চিত করাই কোম্পানির জন্য বড় চ্যালেঞ্জ। এ ছাড়াও কৃষি সেচ মৌসুমে কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সারাদেশে মানসম্মত লুব্রিকেন্টস পণ্য সরবরাহ নিশ্চিতকরণ।

ভবিষ্যত পরিকল্পনা :

লুব্রিকেন্টস ব্লেন্ডিং এর পাশাপাশি নিজস্ব অর্থায়নে লুব অয়েলের প্রধান কাঁচামাল, লুব বেইস অয়েল আমদানীপূর্বক লুব অয়েলের মান উন্নীতকরণ ও ইএলবিএল কর্তৃক লুব অয়েলের নতুন ব্র্যান্ড তৈরীকরণের পরিকল্পনা রয়েছে। এছাড়া বর্তমানে প্রতিযোগীতা মূলক বাজারে টিকে থাকার জন্য আপগ্রেড লুব্রিকেন্টস পণ্যের ব্লেন্ডিংয়ের উপযোগী করণের লক্ষে কোম্পানির বর্তমান স্থাপনার অবকাঠামোগত উন্নয়ন করার মাধ্যমে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ব্র্যান্ডের লুব্রিকেন্টস সামগ্রী বাংলাদেশে ব্লেন্ডিং করার পরিকল্পনা রয়েছে। এ ছাড়াও, বাস, ট্রাক, ট্যাংক-লরী, কাভার্ড-ভ্যান সহ হেভী গাড়ীর জন্য জাপানের তৈরী ইউয়াসা ব্র্যান্ডের কমার্শিয়াল ব্যাটারী ইএলবিএল কর্তৃক বিপণনের মাধ্যমে উক্ত কোম্পানীর ব্যবসায়িক পরিধি বৃদ্ধি করার পরিকল্পনা রয়েছে এবং ভবিষ্যতে, এলপিজি ও বিটুমিন বিপণনের মাধ্যমে ব্যবসায়িক বহুমুখিতা বাড়ানোর পরিকল্পনা রয়েছে।

২০২০- ২০২১ অর্থ বৎসরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :

লুব্রিকেন্টস ব্লেন্ডিং এর পাশাপাশি বাস, ট্রাক, ট্যাংক-লরী, কাভার্ড-ভ্যান সহ হেভী গাড়ীর জন্য জাপানের তৈরী ইউয়াসা ব্র্যান্ডের কমার্শিয়াল ব্যাটারী আমদানীপূর্বক ইএলবিএল কর্তৃক বিপণনের মাধ্যমে উক্ত কোম্পানীর ব্যবসায়িক পরিধি বৃদ্ধি করা হবে। বিপনন কোম্পানির চাহিদা মোতাবেক ইএলবিএল কর্তৃক বিদেশ হতে লুব বেইস অয়েল আমদানী করে তা ব্লেন্ডিং করতঃ মানসম্পন্ন লুব্রিকেন্টস প্রস্তুত করা হবে ও বিপননের জন্য সংশ্লিষ্ট কোম্পানিসমূহকে দেওয়া হবে।

সেকশন-১

কোম্পানির রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি:

১.১ রূপকল্প (Vision):

দেশের সর্বত্র নিরবচ্ছিন্নভাবে সরকার নির্ধারিত মূল্যে মানসম্মত লুব অয়েল সরবরাহের মাধ্যমে দেশে জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ। দেশের কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সারাদেশে মানসম্মত লুব অয়েল সরবরাহ জোরদারকরণ।

১.২ অভিলক্ষ্য (Mission)

১. লুব অয়েল পণ্য ক্রয়, মজুদ, বিতরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে দেশে লুব অয়েলের সরবরাহ নিশ্চিতকরণ;
২. লুব অয়েল প্রস্তুতকরণ সংশ্লিষ্ট অবকাঠামোর উন্নয়ন;
৩. বিপণন ও পরিচালন কার্যক্রমের আধুনিকিকরণ;
৪. বাজার চাহিদার সাথে মিল রেখে উদ্ভাবনী ব্যবসা নীতি এবং পণ্যের বহুমুখিতা আনয়ন;
৫. লুব বেইস অয়েল আমদানী, উৎপাদন, পণ্য মজুদ, বিতরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে সারাদেশে সরবরাহের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ কোম্পানির কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বিপিসি হতে লুব বেইস অয়েল ক্রয়ের পাশাপাশি, নিজস্ব উদ্যোগে লুব বেইস অয়েল আমদানীকরণ;
২. বেইস অয়েল ও এডিটিভের সংমিশ্রনে লুব অয়েল প্রস্তুতকরণ;
৩. বাস, ট্রাক, ট্যাংক-লরী, কাভার্ড-ভ্যান সহ হেভী গাড়ীর জন্য জাপানের তৈরী ইউয়াসা ব্র্যান্ডের কমার্শিয়াল ব্যাটারী আমদানীপূর্বক সুষ্ঠু বিপণন;

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ;
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;
৩.আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;

১.৪ কোম্পানির কার্যাবলি (Functions):

১. সরকার ও বিপিসি'র নির্দেশনার আলোকে লুব্রিকেন্টস্ সামগ্রী বিপণনের মাধ্যমে সেবা প্রদান করা;
২. আমদানিপূর্বক লুব বেইস অয়েল গ্রহণ ও মজুদকরণ:
৩. সারা দেশে নিরবচ্ছিন্নভাবে লুব অয়েল সরবরাহ নিশ্চিত করা;
৪. সারাদেশে লুব অয়েল সরবরাহ জোরদারকরণ;
৫. গ্রাহক পর্যায়ে মানসম্পন্ন লুব অয়েল সরবরাহ করা;
৬. লুব অয়েল মজুদ ক্ষমতা, বিপণন ও সরবরাহ বৃদ্ধি করে দেশে লুব অয়েলের নিরাপত্তা নিশ্চিত করা;
৭. ডিপো/ প্রধান স্থাপনায় বিদ্যমান সুবিধাদির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে দক্ষতার উন্নয়ন ও উৎপাদনশীলতা বৃদ্ধি করা;
৮. বিনিয়োগের উপর যুক্তিসঙ্গত হারে আয় করা;
৯. অর্থনৈতিকভাবে লাভজনক ব্যয় সাশ্রয়ী প্রকল্প গ্রহণ করা;
১০. লুব বেইস অয়েল হ্যান্ডলিং নিরাপদ ও আধুনিকায়নের লক্ষ্যে আন্তর্জাতিক মানের সাথে সামঞ্জস্য রেখে অপারেশনাল ফ্যাসিলিটিজ স্থাপন ও সম্প্রসারণ এবং পরিচালনগত মানদন্ড হালনাগাদ করা;
১১. কোম্পানির টেকসই উন্নয়নের জন্য কর্পোরেট ও আর্থিক ব্যবস্থাপনা হালনাগাদ করা;
১২. কর্মকর্তা/কর্মচারীদের দক্ষ জনবল হিসেবে গড়ে তোলার জন্য প্রশিক্ষণ ও পেশাগত মানোন্নয়নের পরিকল্পনা প্রণয়ন।